# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 15 May, 2025

ময়মনসিংহের ফুলবাড়িয়ায় বালুর টিবি থেকে পুলিশের পরিত্যক্ত শটগান উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার (১৫ মে) দুপুরে উপজেলার এনায়েতপুর ইউনিয়নের থানাপার উচ্চবিদ্যালয়ের মাঠের বালুরটিবির উপর থেকে শটগান উদ্ধার করে পুলিশ।

ফুলবাড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মো. রোকনুজ্জামান বলেন, দুপুরের দিকে স্থানীয়রা এনায়েতপুর ইউনিয়নের থানাপার উচ্চবিদ্যালয়ের মাঠের বালুরটিবির উপরে শটগান দেখতে পেরে থানায় খবর দেয়।পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে শটগান উদ্ধার করা হয়।

ওসি মো. রোকনুজ্জামান বলেন, উদ্ধার হওয়া শটগানটি পুলিশের।ধারণা করা হচ্ছে, ছাত্র-জনতার আন্দোলনের সময় নিখোঁজ হয়েছিল।তবে, এটি আমার থানার নয়।বিষয়টি নিয়ে তদন্ত চলছে।তদন্ত করে প্রয়োজনীয় প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

শটগান পুলিশ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:58

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/7758072527